

# টেক্সটাইল শিল্পে তরল বর্জ্য পরিশোধনাগার (ই টি পি) অপারেটরদের প্রশিক্ষণ কর্মশালা

Promotion of Sustainability in the Textile and Garment Industry in Asia -FABRIC

Deutsche Gesellschaft für Internationale Zusammenarbeit (GIZ) GmbH

FABRIC Asia

# ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম
# GIZ FABRIC – ই টি পি অপারেটর কর্মসূচী

# বিষয়বস্তু



- মৌলিক ধারণা
- বিভিন্ন ধরনের ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম
- বিবেচ্য উত্তম অনুশীলন

# ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম সংক্রান্ত মৌলিক ধারণা

# ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম সংক্রান্ত মৌলিক ধারণা

হ্যাজার্ড এবং ঝুঁকির বিরুদ্ধে কর্মীদের নিজস্ব প্রতিরক্ষা এবং তাদের সুস্বাস্থ্যের প্রতি যত্নশীল হওয়ার স্বার্থে

**ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (পিপিই)**

- **ব্যক্তি এবং হ্যাজার্ড এর মধ্যকার এক্সপোজারে বাধা**
- **চূড়ান্ত নয় তবে তৎক্ষণাৎ ঝুঁকি নিয়ন্ত্রণে সক্ষম**
  - অন্যান্য নিয়ন্ত্রণ ব্যবস্থা স্থাপনের আগ পর্যন্ত অস্থায়ী পদক্ষেপ
  - সতর্কতামূলক পদক্ষেপ
- **সীমাবদ্ধতা এবং অপূর্ণতা**
  - শুধুমাত্র একটি নির্দিষ্ট সুরক্ষা লেভেল পর্যন্ত কার্যকর
  - প্রায়শই অস্বস্তিকর এবং শ্রমিকের কর্মদক্ষতায় প্রভাব ফেলে
  - এগুলো নিজেরাই ঝুঁকির উৎস হিসেবে বিদ্যমান হতে পারে



# ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম সংক্রান্ত মৌলিক ধারণা

## নির্বাচনের শর্তাবলি

- সুনির্দিষ্ট হ্যাজার্ড এর জন্য নির্ধারিত হতে হবে (যেমন- ধূলা অথবা বাষ্প)
- কাঙ্ক্ষিত সুরক্ষা লেভেল অর্জন (যেমন- আইনগত প্রান্তিক সীমা, হ্রাসমূলক রেটিং)
- কর্মক্ষেত্রের পরিবেশের সাথে মানানসই এবং সুনির্দিষ্ট কার্য সম্পাদনের উপযোগী হতে হবে
- উপযুক্ত ফিট এবং সাইজ সম্পন্ন হতে হবে
- ব্যবহারকারীর সাথে মানিয়ে নিতে পারে এমন ব্যবস্থা থাকতে হবে (মুখের আকার, শরীরের সাইজ)
- আরামদায়ক এবং সহজে ব্যবহার উপযোগী হতে হবে





giz

# ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম সংক্রান্ত মৌলিক ধারণা




## যথাযথ ব্যবহার প্রসারের লক্ষ্যে

- নিম্নলিখিত বিষয়াবলির উপর প্রশিক্ষণ ও নির্দেশনা প্রদান
  - উদ্দেশ্য ও সীমাবদ্ধতা
  - ব্যবহার ও রক্ষণাবেক্ষণ
  - যথাযথ ফিট যাচাই
  - ব্যবহারের ফলে ক্ষয় সনাক্তকরণ
- পিপিই আবশ্যক এমন লোকেশনগুলোতে নিরাপত্তা (সেফটি) সাইন স্থাপন
- হ্যাজার্ডের সম্মুখীন হওয়ার সম্ভাবনা আছে এমন সকলেই ব্যবহার করবে
  - ম্যানেজার, সুপারভাইজার, শ্রমিক, ঠিকাদার, পরিদর্শক

# বিভিন্ন ধরনের ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম

# ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম এর ধরন





# ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম এর ধরন

## সুরক্ষা হেলমেট

- মাথায় আঘাতের ঝুঁকি হতে পারে এমন যেকোনো সময়ে পরতে হবে (পড়ে যাওয়া, পড়ন্ত বস্তু)
- চিন-স্ট্র্যাপ দ্বারা ফিট করার ব্যবস্থা থাকতে হবে
- নিয়মিত পরিদর্শনের সময় যা যা দেখতে হবে—
  - ফাটল কিংবা আঘাতের চিহ্ন আছে কিনা
  - ব্যবহারে অবহেলা হচ্ছে কিনা এবং ছেঁড়া আছে কিনা
- ভেতরের আবরণটির ভাল অবস্থা নিশ্চিত করতে হবে
  - আঘাত শোষণ (শক অ্যাবজর্বশান) করার ক্ষেত্রে এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ
- ক্ষতিগ্রস্ত সুরক্ষা হেলমেট বাতিল অথবা প্রতিস্থাপন করতে হবে






giz

# ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম এর ধরন

## শ্রবণ সুরক্ষা

- উচ্চ আওয়াজ প্রবণ পরিস্থিতিতে সম্পূর্ণ সময় জুড়ে পরতে হবে
- আওয়াজ এর মাত্রা পরিমাপের ভিত্তিতে নির্বাচন করতে হবে
  - শব্দের মাত্রা এবং **শব্দের মাত্রার কাঙ্খিত হ্রাসকরণে** আইনি সীমা নির্ধারণের রেটিং
  - অত্যধিক উচ্চ আওয়াজের ক্ষেত্রে **ইয়ার মাফ** ব্যবহার করতে হবে
  - উচ্চতর শব্দ মাত্রার ক্ষেত্রে **ইয়ার প্লাগ** ব্যবহার করতে হবে
- **যথাযথ মাপের** এবং আরামদায়ক হতে হবে
- ইয়ার মাফ নিয়মিত পরিষ্কার করা আবশ্যক
- ইয়ার প্লাগ একে অন্যেরটা ব্যবহার করা যাবে না





# ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম এর ধরন




## চোখের নিরাপত্তা

- **মূলত চোখের বাহ্যিক ক্ষতিসাধন হতে পারে এমন পরিস্থিতিতে ব্যবহার করতে হবে**
  - **কেমিক্যাল এক্সপোজারের** সম্ভাবনা আছে এমন ক্ষেত্রেও এটি প্রযোজ্য
- চোখের নিরাপত্তায় ব্যবহৃত প্রচলিত সামগ্রী–
  - সুরক্ষা গগলস
  - নিরাপত্তা চশমা
  - মুখোশ ও পর্দা (ছিটিয়ে পড়া, ওয়েল্ডিং আর্ক, গ্রাইন্ডিং এর স্ফুলিঙ্গ)
- যেসব যন্ত্রের ক্ষেত্রে প্রযোজ্য, সেসব ক্ষেত্রে স্থায়ী প্রতিরক্ষার সরঞ্জাম স্থাপন (যেমন- বেঞ্চ গ্রাইন্ডার)
  - এটি চোখের নিরাপত্তায় ব্যবহৃত ব্যক্তিগত সরঞ্জাম এর বিকল্প হিসেবে বিবেচিত হবে না





# ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম এর ধরন



## শ্বাসতন্ত্রের নিরাপত্তা

- বায়ুবাহিত দূষকের বিরুদ্ধে শ্বাসতন্ত্রের(মুখ, নাক, শ্বাসনালী, ফুসফুস) প্রতিরক্ষার জন্য ব্যবহার করতে হবে
- নির্বাচনের ভিত্তি—
  - **দূষক এর ধরন**
  - **দূষক এর ঘনত্ব**
  - **কর্ম পরিবেশ** (আর্দ্রতা, অক্সিজেন এর মাত্রা)
- **সেফটি ডাটা শিট** এর সুপারিশ মোতাবেক নির্বাচন করতে হবে
- শ্বাসতন্ত্রের নিরাপত্তা সামগ্রী ব্যবহারের পূর্বে ব্যবহারকারীদের **প্রশিক্ষণ প্রদান** আবশ্যক





giz

# ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম এর ধরন

## নিরাপত্তা পোশাক

- ত্বকে দূষক বা বাহ্যিক ফ্যাক্টর যেমন পানি, আর্দ্রতা, কেমিক্যাল এবং জৈব পদার্থ ইত্যাদির এক্সপোজার নিয়ন্ত্রণে ব্যবহার করতে হবে
- প্রচলিত ধরনসমূহ
  - কর্ম পোশাক
  - গ্লাভস
  - বুটস
- প্রতিদিনের ব্যবহার্য পোশাকের পরিবর্তে কর্মক্ষেত্রে এগুলো পরতে হবে
  - সংরক্ষণ এর ব্যবস্থা থাকতে হবে
  - পোশাক পরিবর্তনের ব্যবস্থা থাকতে হবে
  - একে অন্যেরটা ব্যবহার করা যাবে না



# ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম এর ধরন

## সুরক্ষা জুতা/ফুটওয়্যার

- ইটিপি-তে
  - ভেজা এবং কর্দমাক্ত এরিয়ায় কাজ করার ক্ষেত্রে নন-স্লিপ বুট ব্যবহার করতে হবে
  - মেইনটেনেন্স কাজের ক্ষেত্রে সেফটি জুতা বা বুট ব্যবহার
    - টো-ক্যাপ (toe-cap) দ্বারা আটকে রাখার ব্যবস্থা থাকতে হবে
- সবসময় পরিষ্কার এবং ভাল অবস্থায় রাখতে হবে
- যথাযথ ফিট এবং সাইজের হতে হবে
  - অতিরিক্ত বড় ফুটওয়্যার ব্যবহারকারীর জন্য বিপজ্জনক
- পুরাতন এবং ক্ষতিগ্রস্ত ফুটওয়্যার প্রতিস্থাপন করতে হবে






# ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম এর ধরন



## গ্লাভস

- বিভিন্ন এজেন্ট এবং হ্যাজার্ডের ধরন অনুযায়ী গ্লাভস এর উপাদান মানানসই হতে হবে
  - ধারালো অথবা গরম বস্তুর ক্ষেত্রে- লেদার এর তৈরি গ্লাভস
  - কেমিক্যাল এর ক্ষেত্রে- কেমিক্যাল প্রতিরোধী গ্লাভস (যেমন- এসিড প্রতিরোধী)
  - বৈদ্যুতিক কাজ- রেট করা বৈদ্যুতিক সুরক্ষা গ্লাভস
- কোনো চলমান/গতিশীল যন্ত্র ব্যবহার করার সময় গ্লাভস ব্যবহার করা যাবে না
- যেসব গ্লাভসে শক্তিবৃদ্ধির জন্য ধাতব অংশবিশেষ (রি-এনফোর্সমেন্ট) ব্যবহৃত হয় সেগুলো বৈদ্যুতিক যন্ত্র বা স্থাপনার আশেপাশে ব্যবহার করা যাবে না
- নিয়মিত পরখ করে দেখতে হবে কোনো ছেঁড়া বা ছিদ্র আছে কিনা
- যেকোনো ধরনের নিরাপত্তা গ্লাভস অপসারণের পর হাত এবং বাহু সম্পূর্ণরূপে পরিষ্কার করতে হবে



giz

# ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম এর ধরন

## পতন প্রতিরোধক সরঞ্জাম

- উঁচু লোকেশনে কাজ করার ক্ষেত্রে এবং অবরুদ্ধ স্থানে প্রবেশ, বের হওয়া এবং উদ্ধার কাজে ব্যবহার করতে হবে
- প্রধান যন্ত্রাংশ-
  - লঙ্গরখানা
  - শরীরের অবলম্বন
  - সংযোগকারী
- আবদ্ধ স্থানে (যেমন- ম্যানহোলে প্রবেশ) মই ব্যতীত উল্লম্ব প্রবেশের জন্য ত্রিপদী শক্তিশালী কপিকলবিশেষ
  - একজন শ্রমিক দ্বারাই সহজে সেট আপ করা যায় এবং বিভিন্ন লোকেশনে পরিবহন করা যায়
  - বড় আকারের ওপেনিং এর ক্ষেত্রে সীমাবদ্ধতা আছে








giz

# ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম এর ধরন

তৈরি? চেক করুন!






giz

# বিবেচ্য উত্তম অনুশীলন

# বিবেচ্য উত্তম অনুশীলন

## ব্যক্তিগত স্বাস্থ্যবিধি চর্চা

- খাদ্য গ্রহণ এবং পানীয় পানের পূর্বে এবং সেইসাথে কাজের শিফট শেষ হওয়ার পরে ভালভাবে হাত ধুয়ে নিতে হবে
- ময়লা হাতে ধূমপান করা থেকে বিরত থাকতে হবে কারণ এতে সংক্রমণের ঝুঁকি আছে
- পান অযোগ্য পানি স্পষ্টভাবে চিহ্নিত করতে হবে যেন তা পানযোগ্য পানি হিসেবে ভুল না হয়
- কেমিক্যাল এবং জৈব পদার্থ আছে এমন এরিয়া থেকে খাদ্যদ্রব্য দূরে রাখতে হবে
  - ইটিপি-তে মনোনীত স্টোরেজ এরিয়া থাকতে হবে



# বিবেচ্য উত্তম অনুশীলন

## উত্তম গৃহস্থালি কর্মের চর্চা

- ইটিপি অফিস অথবা ল্যাবরেটরিতে প্রবেশের পূর্বে **পরিচ্ছন্নতা সরঞ্জাম** ব্যবহার করতে হবে
  - ময়লা জুতা পরিষ্কার করতে হবে
  - ধোয়া যায় এমন কাজের পোশাক এবং নিরাপত্তা পোশাক পরিষ্কার করতে হবে অথবা বদলে নিতে হবে
- বুট বা জুতা পরিষ্কারের জন্য **পাপস বা গ্র্যাটিং** এর ব্যবস্থা রাখতে হবে এবং তা ব্যবহার করতে হবে
- কর্মস্থল ত্যাগের পূর্বে **পরিষ্কার পোশাকে** বদলে নিতে হবে






giz

# বিবেচ্য উত্তম অনুশীলন



**বিশেষ পরিস্থিতি – জীবাণুমুক্তকরণের জন্য ক্লোরিনেশন**

কিছু কিছু ইটিপি-তে জীবাণুমুক্ত করার জন্য ক্লোরিন ব্যবহৃত হয়

- কম ঘনত্বের হলেও ক্লোরিন খুবই বিষাক্ত
- ভুল ব্যবহারের ফলে পূর্বাভাস ছাড়াই ক্ষতিকর পরিস্থিতি সৃষ্টি হতে পারে

**গুরুত্বপূর্ণ–**

- পানি থেকে ক্লোরিন সিলিন্ডার সর্বদা দূরে রাখতে হবে
- ঘ্রাণ অথবা অ্যাকুয়াস অ্যামোনিয়া দ্বারা ছোট ছিদ্র সনাক্ত করতে হবে
- সংযোগস্থলসমূহে বিবর্ণতা লিকেজের লক্ষণ

# মনে রাখতে হবে




- কর্মস্থলে নিরাপদ থাকা অনুশীলন নয় বরং জীবনব্যবস্থার একটি অংশ
- ব্যবহারকারীর সরাসরি নিয়ন্ত্রণে পিপিই ব্যবহার করতে হবে
- পিপিই কোনো ঝামেলা নয় বরং এটি অপরিহার্য নিয়ন্ত্রণ ব্যবস্থা
- সুনির্দিষ্ট হ্যাজার্ডের জন্য সতর্কতার সাথে পিপিই নির্বাচন করতে হবে এবং তা কর্মীর সঠিক ফিট সম্পন্ন হতে হবে
- কখন এবং কিভাবে পিপিই ব্যবহার করতে হবে সেসম্পর্কে স্পষ্ট ধারণা থাকতে হবে
- পিপিই-র সীমাবদ্ধতা সম্পর্কে সতর্ক থাকতে হবে
- নিয়মিত পিপিই চেক করতে হবে এবং ভাল অবস্থায় সংরক্ষণ করতে  হবে

**Deutsche Gesellschaft für**
**Internationale Zusammenarbeit (GIZ) GmbH**

Registered offices
Bonnand Eschborn

GIZ Bangladesh
PO Box 6091, Gulshan 1
Dhaka 1212, Bangladesh
T +880 2 5506 8744-52, +880 9666 701 000
F +880 2 5506 8753
E giz-Bangladesh@giz.de
I www.giz.de/bangladesh

giz Deutsche Gesellschaft für Internationale Zusammenarbeit (GIZ) GmbH